

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা : চুয়াডাঙ্গা ।

## ঃ বিজ্ঞপ্তি ঃ

সম্মানিত পৌরবাসী,

আসসালামু আলাইকুম ।

আপনারা জেনে খুশি হবেন যে, চুয়াডাঙ্গা পৌরসভার ব্যবস্থাপনায় নিম্নলিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হয় এবং বাস্তবায়িত হচ্ছে ।

- পৌর ব্যবস্থাপনায় জবাব দিহিতা নিশ্চিত করন ।
- পৌরবাসীর অংশগ্রহনের মাধ্যমে এলাকার উন্নয়ন ।
- গণসচেতনতা বৃদ্ধি সহ মহিলাদের অংশগ্রহনের মাধ্যমে সমাজ উন্নয়ন ।
- রাশ ও ড্রেন সহ অন্যান্য অবকাঠামো উন্নয়ন ।

পৌরসভায় বসবাসকারী একজন সু- নাগরিক হিসাবে নিম্নলিখিত নাগরিক দায়িত্ব পালন করুন ।

- সময়মত পৌরকর পরিশোধ করুন এবং শহর উন্নয়নে অংশীদার হউন ।
- সময়মত পানির বিল পরিশোধ করুন এবং পানির অপচয় রোধ করুন ।
- আমার আপনার প্রিয় এ শহরকে আসুন সকলে মিলে পরিচ্ছন্ন রাখি ।
- ময়লা আর্জনা যত্রতত্র/ড্রেনে না ফেলে ডাস্টবিনে অথবা নির্দিষ্ট স্থানে ফেলুন ।
- যেখানে-সেখানে মলমূত্র ত্যাগ করবেন না, বড়ীতে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন স্থাপন করুন ।
- বন্দিবাসী/দরিদ্র জনগোষ্ঠী আপনার এ অবিচ্ছেদ্য অংশ তাদের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করুন ।
- পরিবেশ রক্ষায় বাড়ীর আশে-পাশে বৃক্ষরোপন করুন ।
- দেশের অর্ধেক নারী, আপনার পরিবারের মহিলা সদস্যকে উন্নয়ন কাজে অংশগ্রহনের সুযোগ দিন ।
- নারী নির্যাতন অমার্জনীয় অপরাধ, ইভটিজিং/নারী নির্যাতন প্রতিরোধে সোচ্চার হউন ।
- আপনার শিশুতে স্কুলে পাঠান ।
- খাওয়ার আগে ও পরে সাবান বা ছাই দিয়ে দুই হাত ভালো করে ধুয়ে নিন ।
- মাদক দ্রব্য পরিহার করুন এবং মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করুন ।
- মানসিক বিকাশে আপনার সপ্ননকে খেলাধুলা করার সুযোগ দিন ।
- নাগরিক দায়িত্ব পালনে জন্ম নিবন্ধন করুন ।
- সময়মত আপনার সপ্ননের টিকা দিন ।
- বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হউন ।

অনুরোধ ক্রমে-



(রিয়াজুল ইসলাম জোয়ার্দার)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা ।

ফোন : ০৭৬১-৬২২৮১

E-mail: [reajuljoarder@gmail.com](mailto:reajuljoarder@gmail.com)